**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৬৭/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ২৫ ফেব্রুয়ারি ২০১৮, ১৩ ফাল্গুন ১৪২৪**

**আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :**

১। স্বাধীনতাবিরোধী অপশক্তির বিরুদ্ধে সতর্ক থাকতে হবে : মাতৃভাষা দিবসের আলোচনাসভায় প্রধানমন্ত্রী

২। বাংলাদেশে শিল্পখাতে ব্যাপক অগ্রগতি হয়েছে : দিল্লিতে শিল্পমন্ত্রী

৩। আগামী নির্বাচনে সকল দল অংশগ্রহণ করবে : বাণিজ্যমন্ত্রী

৪। প্রতিকূল পরিবেশ সহনশীল ধানের জাত উদ্ভাবন করতে বিজ্ঞানীদের প্রতি আহ্বান কৃষিমন্ত্রী'র

৫। পুলিশ সন্ত্রাস ও জঙ্গিবাদ থেকে দেশকে বাঁচিয়েছে : কুমিল্লায় স্বরাষ্ট্রমন্ত্রী

৬। ২৬৫ শিক্ষার্থীকে প্রধানমন্ত্রী স্বর্ণপদক দেওয়া হচ্ছে

৭। তথ্যপ্রযুক্তি খাতে নারীর অংশগ্রহণ বাড়াতে বিশেষ প্রকল্প হাতে নিয়েছে সরকার

৮। নরসিংদীর উয়ারী-বটেশ্বরে উন্মুক্ত জাদুঘর উদ্বোধন

চলমান পাতা-২

**১।	স্বাধীনতাবিরোধী অপশক্তির বিরুদ্ধে সতর্ক থাকতে হবে : মাতৃভাষা দিবসের আলোচনাসভায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুদ্ধাপরাধী এবং স্বাধীনতাবিরোধী অপশক্তির ষড়যন্ত্র সম্পর্কে দেশবাসীকে সতর্ক থাকার আহ্বান জানিয়ে বলেছেন, বাংলার মাটিতে বসবাস করে যাদের অন্তরে এখনও পাকিস্তানপ্রীতি, তাদের হাত থেকে দেশকে রক্ষা করতে হবে। এদেশ আর যেন অন্ধকার যুগে ফেরত না যায়, সেজন্য সবাইকে সচেতন থাকতে হবে। যারা যুদ্ধাপরাধীদের মন্ত্রী বানিয়ে তাদের হাতে লাখো শহিদের রক্তখচিত জাতীয় পতাকা তুলে দিয়েছিল, তাদের কোনদিন ক্ষমা না করতে জাতির প্রতি আহ্বান জানান তিনি। গতকাল (২৪ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর খামারবাড়ি কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আওয়ামী লীগ আয়োজিত আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.১,ক.৬), **নিউ এজ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ, নিউজ টুডে, এশিয়ান এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**২।	বাংলাদেশে শিল্পখাতে ব্যাপক অগ্রগতি হয়েছে : দিল্লিতে শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিচক্ষণ নেতৃত্বে কয়েক বছরে বাংলাদেশের শিল্পখাতে ব্যাপক অগ্রগতি অর্জিত হয়েছে। এর ফলে জিডিপিতে শিল্পখাতের অবদান ৩২ শতাংশ ছাড়িয়ে গেছে। ইতোমধ্যে দেশে প্রায় ১০ লাখ ক্ষুদ্র ও মাঝারি শিল্প গড়ে উঠেছে। এসব এসএমই শিল্প জিডিপিতে শতকরা ২৩ ভাগ এবং মোট শিল্প কর্মসংস্থানে ৮০ ভাগ অবদান রাখছে বলে তিনি উল্লেখ করেন। শিল্পমন্ত্রী গতকাল (২৪ ফেব্রুয়ারি শনিবার) নয়াদিল্লির হোটেল তাজ প্যালেসে আয়োজিত 'ব্যবসাবান্ধব পরিবেশ সৃষ্টির মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন' শীর্ষক গোলটেবিল আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১)।

**৩।	আগামী নির্বাচনে সকল দল অংশগ্রহণ করবে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, আগামী জাতীয় সংসদ নির্বাচন হবে অংশগ্রহণমূলক। সে নির্বাচনে সকলে অংশগ্রহণ করবে, যারা করবে না তারা ক্ষতিগ্রস্থ হবে। গতকাল (২৪ ফেব্রুয়ারি শনিবার) ন্যাশনাল সার্ভিস কর্মসূচির প্রশিক্ষণপ্রাপ্তদের মাঝে সনদ বিতরণ, জাটকা সংরক্ষণ সপ্তাহের উদ্বোধন এবং প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের মাঝে ল্যাপটপ বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বাণিজ্যমন্ত্রী আরো বলেন, ২০১৮ সালের ডিসেম্বরে সংবিধান অনুসারে নির্বাচন অনুষ্ঠিত হবে। সকল দল এ নির্বাচনে অংশগ্রহণ করবে এটাই আমাদের প্রত্যাশা এবং এ নির্বাচন হবে অবাধ, সুষ্ঠু এবং নিরপেক্ষ। **সূত্র-ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.১৩,ক.৬)।

**৪।	প্রতিকূল পরিবেশ সহনশীল ধানের জাত উদ্ভাবন করতে বিজ্ঞানীদের প্রতি আহ্বান কৃষিমন্ত্রী'র**

কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী দেশের প্রয়োজন অনুযায়ী বন্যা, খরা, লবণাক্ততা, জলাবদ্ধতা ও রোগবালাইসহ প্রতিকূল পরিবেশ সহনশীল ধানের জাত ও লাগসই প্রযুক্তি উদ্ভাবনের জন্য বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)-এর বিজ্ঞানীদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (২৪ ফেব্রুয়ারি শনিবার) পাঁচ দিনব্যাপী ব্রি'র বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা ২০১৬-১৭ এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **সমকাল** (পৃ.৪,ক.১)।

**৫। পুলিশ সন্ত্রাস ও জঙ্গিবাদ থেকে দেশকে বাঁচিয়েছে : কুমিল্লায় স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, পুলিশ সন্ত্রাস ও জঙ্গিবাদ থেকে দেশকে বাঁচিয়েছে। তিনি বলেন, সারাদেশের আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে রয়েছে। বাংলাদেশে জঙ্গিদের আর স্থান নেই। ইভটিজিং শতভাগ নিয়ন্ত্রণে। তবে মাদক এখনো সমূলে নিয়ন্ত্রণ করা যায়নি। সামাজিক আন্দোলনের মাধ্যমে মাদককে নিয়ন্ত্রণে আনতে হবে। গতকাল (২৪ ফেব্রুয়ারি শনিবার) কুমিল্লার বরুড়া উপজেলা পরিষদ মিলনায়তনে আইনশৃঙ্খলা কমিটির সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)।

**৬। ২৬৫ শিক্ষার্থীকে প্রধানমন্ত্রী স্বর্ণপদক দেওয়া হচ্ছে**

ইউজিসি প্রদত্ত প্রধানমন্ত্রী স্বর্ণপদক পাচ্ছেন ২৬৫ শিক্ষার্থী। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) উদ্যোগে প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৫ ও ২০১৬ প্রদান করা হচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (২৫ ফেব্রুয়ারি রোববার) তাঁর কার্যালয়ের শাপলা হলে শিক্ষার্থীদের এ পদক বিতরণ করবেন। গতকাল (২৪ ফেব্রুয়ারি শনিবার) ইউজিসি'র এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, এ বছর পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ২৬৫ জন কৃতী শিক্ষার্থী নিজ নিজ অনুষদে সর্বোচ্চ নম্বর বা সিজিপিএ অর্জনের স্বীকৃতি হিসেবে প্রধানমন্ত্রী স্বর্ণপদক পাচ্ছেন। ২০১৫ সালের জন্য ১২৪ জন এবং ২০১৬ সালের জন্য ১৪১ শিক্ষার্থী এ পদকে ভূষিত হবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **নিউ এজ** (পৃ.৩,ক.৭)।

**৭। তথ্যপ্রযুক্তি খাতে নারীর অংশগ্রহণ বাড়াতে বিশেষ প্রকল্প হাতে নিয়েছে সরকার**

দেশে তথ্যপ্রযুক্তি খাতে নারীর অংশগ্রহণ বাড়াতে বিশেষ প্রকল্প হাতে নিয়েছে সরকার। এ প্রকল্পের মাধ্যমে অংশগ্রহণকারীদের প্রশিক্ষণ, কারিগরি সহায়তা ও অন্যান্য প্রাথমিক সুবিধা দেওয়া হবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সম্পর্কে সাধারণ ধারণা রয়েছে এমন ১৮ থেকে ৪০ বছর বয়সী নারী যারা ইংরেজি পড়তে ও লিখতে পারেন তারাই এ প্রকল্পে অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন। দেশের ২১টি উপজেলায় এ প্রশিক্ষণ দেওয়া হবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে নারী উদ্যোক্তা তৈরি করার জন্য নারীদের ওয়েবসাইট, গ্রাফিক ডিজাইন, ডাটা এন্ট্রি, সফটওয়্যার ডেভেলপমেন্ট, মোবাইল অ্যাপ ডেভেলপমেন্ট এবং গুগল ট্রান্সলেশন সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৪,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫)।

**৮। নরসিংদীর উয়ারী-বটেশ্বরে উন্মুক্ত জাদুঘর উদ্বোধন**

আড়াই হাজার বছরের প্রাচীন প্রত্নস্থান নরসিংদীর উয়ারী-বটেশ্বর। এ পর্যন্ত ৫০টি প্রত্নস্থান উৎখনন করা হয়েছে। এ নির্দশনগুলো দেখার সুযোগ করে দিতে স্থাপনা করা হয়েছে উয়ারী-বটেশ্বর দুর্গনগর উন্মুক্ত জাদুঘর। গতকাল (২৪ ফেব্রুয়ারি শনিবার) বেলাব'র আমলাবতে জাদুঘরের উদ্বোধন করেন লেখক ও প্রত্নতত্ত্ববিদ মুহাম্মদ হাবিবুল্লা পাঠান। এ সময় প্রত্নতাত্ত্বিক গবেষণাকেন্দ্র ঐতিহ্য অন্বেষণের নির্বাহী পরিচালক ও উয়ারী-বটেশ্বর খননকাজের দলনেতা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ব বিভাগের অধ্যাপক সুফি মোস্তাফিজুর রহমান ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবৃন্দ উপস্থিত ছিলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৮,ক.৬), **ইনকিলাব** (পৃ.৩,ক.৪)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** পাসপোর্ট সেবাগ্রহীতাদের ৫৫ দশমিক ২ শতাংশ বিভিন্ন দুর্নীতি ও অনিয়মের শিকার হওয়ার পরিপ্রেক্ষিতে পাসপোর্ট সেবায় এ হয়রানি দূর করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

খ. **জনকণ্ঠ :** পাটের ব্যাগ ও পাটজাত পলিব্যাগ পরিবেশবান্ধব হওয়ায় জনসচেতনতা সৃষ্টি করে সাশ্রয়ী দামে পাটের পলিব্যাগ সুলভ হলে এ ব্যাগের ব্যবহার বাড়বে বলে প্রত্যাশা।

গ. **প্রথম আলো, সমকাল :** জাটকা ধরায় নিষেধাজ্ঞার সম্পূর্ণ আট মাস সময়ে জেলেদের পর্যাপ্ত সহায়তা ও বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা নিশ্চিত করা না হলে এ নিষেধাজ্ঞা কার্যকর করা কঠিন হবে বলে অভিমত।

ঘ. **সংবাদ, ইনকিলাব :** সম্প্রতি দিল্লিতে অনুষ্ঠিত এক সম্মেলনে ভারতীয় সেনাপ্রধানের ভারতের আসামে 'বাংলাদেশিদের' অনুপ্রবেশ বিষয়ে দেওয়া অগ্রহণযোগ্য বক্তব্যের বিষয়ে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের অনতিবিলম্বে উল্লিখিত বক্তব্য প্রত্যাখ্যান করাসহ এ বিষয়ে ভারতের ব্যাখ্যা চাওয়া উচিত বলে অভিমত।

ঙ. **যুগান্তর, যায়যায়দিন, সংবাদ, ডেইলি স্টার, নিউ এজ :** মিয়ানমারের রাখাইন রাজ্যে রোহিঙ্গা নিধনযজ্ঞের প্রমাণ নিশ্চিহ্নকরণে গ্রামগুলো বুলডোজার দিয়ে গুঁড়িয়ে দেওয়ার পরিপ্রেক্ষিতে মিয়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ অব্যাহত রাখা জরুরি বলে প্রত্যাশা।

চ. **ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার, নিউজ টুডে :** ঘোষিত সময়ের মধ্যে বিআরটিএ রাজধানীতে দক্ষ ও নারীবান্ধব পরিবহণ ব্যবস্থা এখনও গড়ে তুলতে না পারায় কর্তৃপক্ষকে দ্রুত এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** দেশে কৃষকদের মাঝে গম চাষের আগ্রহ কমে যাওয়ায় কৃষি বিজ্ঞানীদের গমের ব্লাস্টের মতো বিভিন্ন ছত্রাকজনিত রোগ প্রতিরোধে উদ্যোগী হওয়ার আহ্বান।

জ. **নিউ এজ :** মানহীন ইলেকট্রিক ডিভাইসের কারণে অগ্নি দুর্ঘটনায় মৃত্যুর ঘটনা বেড়ে যাওয়ায় বিএসটিআইকে ইলেকট্রিক ডিভাইসের মান নিয়ন্ত্রণে কঠোর ভূমিকা নেওয়ার সুপারিশ জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, রাজধানীতে মারাত্মক শব্দ দূষণে শিশু ও নারী বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে।

## নিবন্ধ ও ফিচার

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'সংস্কৃতির আলোয় আলোকিত হোক দেশ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সরকারি-বেসরকারি উদ্যোক্তা দেশের প্রতিটি অঞ্চলে শিল্প, সাহিত্য ও সংস্কৃতির চর্চা ছড়িয়ে দেওয়ার জন্য কাজ করলে আমরা একটি সুন্দর বাংলাদেশ পাব।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা